# পাঠ — 16

## খাঁচার ভালুক



আমি ভালুক । গভীর বনে ছিল আমার বাড়ি । বেশ মনের সুখে বাস করতাম সেখানে । কোনোই ভাবনা ছিল না আমার । বনে বড় বড় গাছে থাকতো মধুভরা মৌচাক । আমি গাছে চড়ে সেই মৌচাক ভেঙে মধু খেতাম । মধু খেতে আমি বড় ভালোবাসি ।

আমার কপাল খারাপ । এখন আমি আটক হয়ে আছি চিড়িয়াখানার খাঁচায় । আমার মনে আর সুখ নেই। কত লোক রোজ আমাকে দেখতে আসে, আমার একটুও ভালো লাগে না । আমার চোখে সর্বদাই ভাসে সেই সবুজ বন আর নীল আকাশের ছবি ।

সব চেয়ে অত্যাচার করে আমাকে পাজি ছেলের দল । তারা আমাকে অনেক সময় লাঠির খোঁচা মারে । ঐ দ্যাখো, কে একটা ছেলে আমাকে লক্ষ করে ঢিল ছুঁড়ে মেরেছে ! আমি যে অসহায়। চীৎকার করা ছাড়া আমার কোন উপায় নেই ।

## পাঠবোধ

**1. নিচে দেওয়া শব্দগুলি থেকে সঠিক শব্দ বেছে নিয়ে খালি যায়গাগুলি ভরো।**

মধুভরা, অসহায়, বনে, অত্যাচার, চিড়িয়াখানায়

- গভীর ........................................ ছিল আমার বাড়ি।
- বনে বড় বড় গাছে থাকত ........................................ মৌচাক।
- এখন আমি আটক হয়ে আছি ........................................ খাঁচায়।
- সবচেয়ে ........................................ করে আমাকে পাজি ছেলের পাল।
- আমি যে খাঁচায় ........................................।

**2. আগে বর্ণ জুড়ে শব্দ তৈরি করো —**

| | | |
|---|---|---|
| বা বাড়ি | ................ চাক | ................ বুজ |
| ....... নে | ................ ক | ................ খ |
| ....... ধু | ................ ল | ................ লে |

**3. পড়ো —**

| | |
|---|---|
| বনে আমার বাড়ি ছিল। | মনের সুখে বাস করতাম। |
| মৌচাক ভেঙে মধু খেতাম। | এখন আমি খাঁচায় আছি। |
| ছেলেরা আমাকে ঢিল মারে। | আমার মনে সুখ নেই। |

**4. উত্তর বলো —**

- কে বনে থাকত ?
- সে কী খেতো ?
- এখন সে কোথায় থাকে ?
- ভালুকের চোখে সর্বদা কোন ছবি ভাসে ?
- কারা ভালুককে সবচেয়ে অত্যাচার করে ?

- কে ভালুককে ঢিল ছুঁড়ে মেরেছে ?

**5. কাহিনীর ছবি দেখে বলো —**

- ভালুকের রং কী ?
- ভালুকের পায়ে কী আছে ?
- ভালুকটি কোথায় আছে ?
- ছেলেটি কী করছে ?
- ভালুকটি কী করছে ?

**6. যে শব্দটি ঠিক নয়, তাতে X চিহ্ন দাও —**

- একটি / দুষ্টি ভালুক ছিল ?
- ভালুক বনে / ঘরে থাকত ?
- ভালুক বাগানে / চিড়িয়াখানায় আছে ।
- ভালুকের মনে দুঃখ / সুখ নেই ।
- পাজি ছেলেরা মারে / ভালবাসে ।

**7. হ্যাঁ অথবা না লিখে উত্তর দাও ।**

- ভালুকের গায়ে বড় লোম আছে — ( হ্যাঁ )
- ভালুকের বাড়ি গুহার মধ্যে ছিল — ( )
- সে বনে মনের দুখে বাস করত — ( )
- মধু খেতে ভালুক বড় ভালোবাসে — ( )
- ভালুক এখন চিড়িয়াখানার খাঁচায় আছে — ( )

**8. ছয়টি শব্দ শুনে লেখো —**

| | | |
|---|---|---|
| | | |
| | | |